

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩- ২৬৮

তারিখঃ- ০৯/০১/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ- পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট ০১(এক) বছরের জন্য স্থগিত প্রসংগে।

- সূত্রঃ- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার কার্যালয়ের স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১৬৪.২২.০৪ তাং- ০১/০১/২০২৩খ্রিঃ।
২। অত্র বিভাগের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২২-৬৩৭৭ তাং- ০৭/১২/২০২২খ্রিঃ।
৩। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২২-১৮৮ তাং- ০৪/১২/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা এর কার্যালয় হতে আপনার ফার্ম সারা এন্থো এন্ড হ্যাচারী এর নামে গত ২১/০৯/২০২২খ্রিঃ তারিখে ইস্যুকৃত এন.ও.সি নং- ২২.০১.০০০০.১০১.২৩.১৬৪.২২.১০ মূলে ২৫৫ পিস পাখি আমদানীর অনাপত্তি প্রদান করা হলে আপনি গত ২৫/১১/২০২২খ্রিঃ তারিখে সুদান হতে ২৩ পিস পাখি আমদানী করেন।

উক্ত ২৩ পিস আমদানীকৃত পাখির মধ্যে ১০ পিস Eagle প্রজাতির এন.ও.সি বর্হিভূত পাখি সনাক্ত করা হয় যা অনাপত্তি ও কাষ্টম আইন বর্হিভূত। কাষ্টম আইন, ১৯৬৯ এর সেকশন ১৬ ও ৩২ লঙ্ঘন করায় আপনার প্রতিষ্ঠানকে ১৯,৭৫,৫৪৬.৪৫/- টাকা অর্থদণ্ড ও বিমোচন জরিমানা প্রদান করা হয়, যা পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর বিধি ১৫(খ) লঙ্ঘন।

এছাড়াও আপনার প্রতিষ্ঠান কর্তৃক উক্ত এন.ও.সি মূলে আমদানীকৃত ১৩ পিস পাখিসমূহের রিং নাম্বার অত্র দপ্তরে জমা প্রদান না করা অনাপত্তি পত্রের ৫ নং শর্তের পরিপন্থী।

আপনি এন.ও.সি বর্হিভূত পাখি আমদানী করায় বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন, ২০১২ ও পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর বিধি ১৫(খ) ও উক্ত ইস্যুকৃত এন.ও.সি এর ৫ নং শর্ত লঙ্ঘন করায় আপনার প্রতিষ্ঠানের নামে অত্র বন বিভাগ হতে পোষা পাখি লালন-পালন খামারের জন্য ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অত্র পত্র জারীর তারিখ হতে ১ (এক) বছর সময় পর্যন্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্থগিত করা হলো।

উল্লেখ্য বর্তমানে আপনার খামারে বিদ্যমান পাখি বিক্রয় ব্যতীত অত্র পত্র জারীর তারিখ হতে ১(এক) বছর সময়ের মধ্যে অন্য কোন খাঁচায় পোষা বিদেশী পাখি ক্রয়, বিক্রয়, আমদানী ও রপ্তানি করা হতে বিরত থাকার জন্যও অনুরোধ জানানো হলো।

(কাজল তালুকদার)

বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ

বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

প্রাপকঃ- জনাব আহমেদ উল্লাহ সাকিব
সারা এন্থোফার্ম এন্ড হ্যাচারী
বাসা- ১১৮, কশাইবাড়ী
মোল্লারটেক, দক্ষিণখান, ঢাকা- ১২৩০।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩- ২৬৮

তারিখঃ- ০৯/০১/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হলো।

- ১। প্রধান বন সংরক্ষক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী ১১১-১১৩, মতিঝিল বণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
- ৪। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টমস্ হাউজ, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৭। সহকারী পরিচালক (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1 হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা। স্থগিতাদেশ কালীন সময়ে উক্ত খামার এর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(কাজল তালুকদার)

বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ

বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।